গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টরঃ ১৫-১৬
দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা- ১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০৪০.২৫-১৪১

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি-১১

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dmtcl.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে নাঃ

| ক্রমিক নম্বর | পদের নাম, বেতন গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | বয়স | প্রার্থিত যোগ্যতা | কাজের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)<br>গ্রেড-৯ম<br>মূল বেতন-৫০,৬০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যে কোনো বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ডিএমটিসিএল এর কর্মকর্তা/ কর্মচারীগণের ছুটি ব্যবস্থাপনা, চাকুরীর রেকর্ড সংরক্ষণ, বিভিন্ন ধরণের প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণসহ অন্যান্য প্রশাসনিক কার্যাবলি |
| ২. | সহকারী ব্যবস্থাপক (মানব সম্পদ)<br>গ্রেড-৯ম<br>মূল বেতন-৫০,৬০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যে কোনো বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ডিএমটিসিএল এর বিভিন্ন শূণ্যপদে জনবল নিয়োগ,পদায়ন ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি |
| ৩. | সহকারী ব্যবস্থাপক (এস্টেট/লিগ্যাল)<br>গ্রেড-৯ম<br>মূল বেতন-৫০,৬০০/- | ০২ (দুইটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সম্মানসহ এলএলবি অথবা এলএলএম ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ডিএমটিসিএল এর ভূসম্পত্তি ব্যবস্থাপনা এবং ভূমি অধিগ্রহণ ও আইন সম্পর্কিত কার্যাবলি |
| ৪. | সহকারী ব্যবস্থাপক (নিরাপত্তা)<br>গ্রেড-৯ম<br>মূল বেতন-৫০,৬০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | বিভিন্ন নিরাপত্তা এজেন্সীর সাথে সমন্বয় সাধন এবং ডিএমটিসিএল এর প্রধান কার্যালয়, মেট্রোরেল স্টেশনসমূহ ও ট্রেন লাইনের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি |
| ৫. | নিরাপত্তা কর্মকর্তা<br>গ্রেড-১০ম<br>মূল বেতন-৩৬,৮০০/- | ০৩ (তিনটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ডিএমটিসিএল এর প্রধান কার্যালয়, মেট্রোরেল স্টেশনসমূহ ও ট্রেন লাইনের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি |

| ক্রমিক নম্বর | পদের নাম, বেতন গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | বয়স | প্রার্থিত যোগ্যতা | কাজের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|
| ৬. | অর্থ কর্মকর্তা<br>গ্রেড-১০<br>মূল বেতন-<br>৩৬,৮০০/- | ০১<br>(একটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএ ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ডিএমটিসিএল এর আর্থিক ব্যবস্থাপনা কার্যক্রম বিশ্লেষণ, বাজেট প্রণয়ন, মনিটরিং ও বাস্তবায়ন, বার্ষিক আর্থিক বিবরণী প্রণয়ন ও রাজস্ব আহরণ ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম |
| ৭. | জুনিয়র রাজস্ব কর্মকর্তা<br>গ্রেড-১২তম<br>মূল বেতন-<br>২৫,৯৯০/- | ০২<br>(দুইটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএ ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | রাজস্ব আহরণ ও সমন্বয় সংক্রান্ত কাজে রাজস্ব কর্মকর্তাকে সহায়তা প্রদান। রাজস্ব আহরণ সংক্রান্ত সকল ধরনের রেকর্ড/রেজিস্টার এবং মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম |
| ৮. | অর্থ সহকারী<br>গ্রেড-১৬<br>মূল বেতন-<br>২১,৩৯০/- | ০১<br>(একটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) বাণিজ্য বিভাগে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়;<br>খ) অনুমোদিত কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাসের মৌলিক প্রশিক্ষণ সনদ; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে। | অর্থ সংক্রান্ত যাবতীয় রেকর্ড/রেজিস্টার সংরক্ষণ করা এবং মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক আর্থিক প্রতিবেদন প্রণয়নে অর্থ কর্মকর্তাকে সহায়তা প্রদান |
| ৯. | সেকশন ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)<br>গ্রেড-১০<br>মূল বেতন-<br>৩৬,৮০০/- | ০৫<br>(পাঁচটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল টেকনোলজি অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোরেলের ডিপো, স্টেশন প্রভৃতি স্থাপনায় স্থাপিত বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহ (সুইচ-গিয়ার, সাব-স্টেশন, ইএন্ডএম ও স্ক্যাডা সিস্টেম প্রভৃতি) রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১০. | সেকশন ইঞ্জিনিয়ার (সিগন্যালিং এন্ড টেলিকমিউনিকেশন)<br>গ্রেড-১০<br>মূল বেতন-<br>৩৬,৮০০/- | ০৬<br>(ছয়টি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল টেকনোলজি অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স টেকনোলজি অথবা ডিপ্লোমা ইন টেলিকমিউনিকেশন টেকনোলজি অথবা ডিপ্লোমা ইন ডাটা কমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | সিগন্যালিং ও টেলিকমিউনিকেশন সিস্টেমের যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১১. | সেকশন ইঞ্জিনিয়ার (আর এস-প্ল্যানিং/ ট্রেনিং/বাজেট)<br>গ্রেড-১০<br>মূল বেতন-<br>৩৬,৮০০/- | ০১<br>(একটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোরেলের ট্রেন সেটের মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল কম্পোনেন্ট ও যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১২. | সেকশন ইঞ্জিনিয়ার (আরএস -স্পেশাল টাস্ক)<br>গ্রেড-১০ | ০১<br>(একটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং | মেট্রোরেলের ট্রেন সেটের মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল কম্পোনেন্ট ও যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |

| ক্রমিক নম্বর | পদের নাম, বেতন গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | বয়স | প্রার্থিত যোগ্যতা | কাজের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|
| | মূল বেতন-৩৬,৮০০/- | | | খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ১৩. | সেকশন ইঞ্জিনিয়ার (আর এস-এয়ারকন) গ্রেড-১০ মূল বেতন-৩৬,৮০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোরেলের ট্রেন সেটের মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল কম্পোনেন্ট ও যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১৪. | সেকশন ইঞ্জিনিয়ার (আর এস – ডোর) গ্রেড-১০ মূল বেতন-৩৬,৮০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোরেলের ট্রেন সেটের মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল কম্পোনেন্ট ও যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১৫. | সেকশন ইঞ্জিনিয়ার (আর এস -বগি) গ্রেড-১০ মূল বেতন-৩৬,৮০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোরেলের ট্রেন সেটের মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল কম্পোনেন্ট ও যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১৬. | সেকশন ইঞ্জিনিয়ার (আর এস - নিউম্যাটিকস্) গ্রেড-১০ মূল বেতন-৩৬,৮০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ পাওয়ার টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোরেলের ট্রেন সেটের মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল কম্পোনেন্ট ও যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১৭. | সেকশন ইঞ্জিনিয়ার (পি-ওয়ে) গ্রেড-১০ মূল বেতন-৩৬,৮০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন সিভিল টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | মেট্রোট্রেনের রেলওয়ে ট্র্যাক ও স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ১৮. | সেকশন ইঞ্জিনিয়ার (প্রকিউরমেন্ট) গ্রেড-১০ মূল বেতন-৩৬,৮০০/- | ০১ (একটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল টেকনোলজি অথবা ডিপ্লোমা ইন মেকানিক্যাল টেকনোলজি অথবা সিভিল টেকনোলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ডিএমটিসিএল এর আওতাধীন বিভিন্ন অধিশাখার যন্ত্রপাতি ও মালামাল ক্রয় এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ। |
| ১৯. | জুনিয়র মার্কেটিং অফিসার গ্রেড-১২ মূল বেতন-২৫,৯৯০/- | ০২ (দুইটি) | সর্বোচ্চ ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএ ডিগ্রি; তবে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণ যোগ্য হইবেনা; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন। | ডিএমটিসিএল এর বিভিন্ন বাণিজ্যিক স্পেস ভাড়া, ভাড়া বহির্ভূত আয় বৃদ্ধি সংক্রান্ত কার্যাবলি |
| ২০. | পেশ ইমাম গ্রেড-১৪ | ০১ (একটি) | সর্বোচ্চ ৪০ বছর | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে; এবং | ইমামতি, তাফসির ও হাদিস পাঠ সংক্রান্ত কার্যাবলি |

| ক্রমিক নম্বর | পদের নাম, বেতন গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | বয়স | প্রার্থিত যোগ্যতা | কাজের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|
| | মূল বেতন-<br>২৩,৪৬০/- | | | খ) স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপ্রাপ্ত হাফেজ-ই-কুরআন প্রার্থী অগ্রাধিকার পাবেন। | |
| ২১. | মোয়াজ্জিন<br>গ্রেড-১৬<br>মূল বেতন-<br>২১,৩৯০/- | ০১<br>(একটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>খ) স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপ্রাপ্ত হাফেজ-ই-কুরআন প্রার্থী অগ্রাধিকার পাবেন। | আযান প্রদান, মসজিদের খেদমতসহ অন্যান্য কার্যাবলি |
| ২২. | সেমি স্কিল্ড মেইনটেইনার<br>গ্রেড-১৬<br>মূল বেতন-<br>২১,৩৯০/- | ৮০<br>(আশি টি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) এইচএসসি (ভোকেশনাল) ইন মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/ ইলেক্ট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ অটোমোটিভ/ অটোমোবাইল/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি / বিল্ডিং মেইনটেন্যান্স এন্ড কন্সট্রাকশন/ ওয়েল্ডিং এবং ফেবরিকেশন অথবা এইচএসসি (বিজ্ঞান)। এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (বিজ্ঞান)-এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন। | ডিএমটিসিএল এর রোলিং স্টক/ইলেকট্রিক্যাল/ সিগন্যালিং ও টেলিকম/ পি-ওয়ে ও সিভিল অধিশাখার রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ |
| ২৩. | সেমি স্কিল্ড মেশিন অপারেটর (রোলিং স্টক)<br>গ্রেড-১৬<br>মূল বেতন-<br>২১,৩৯০/- | ০৪<br>(চারটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হতে ন্যূনতম এসএসসি অথবা এসএসসি (ভোকেশনাল) ডিগ্রিধারী হতে হবে। তবে এসএসসি (ভোকেশনাল) অথবা এসএসসি পরীক্ষায় সিজিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে; এবং<br>খ) মোটরযান চালনায় ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সধারী হতে হবে। | রোলিং স্টকের বিশেষ যানবাহন চালনা সংক্রান্ত কাজ |
| ২৪. | সেমি-স্কিল্ড ড্রাইভার (সিএমভি)<br>গ্রেড-১৬<br>মূল বেতন-<br>২১,৩৯০/- | ০১<br>(একটি) | সর্বোচ্চ<br>৩২ বছর | ক) এসএসসি (ভোকেশনাল) ইন অটোমোবাইল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স অথবা এসএসসি (বিজ্ঞান) ডিগ্রিধারী হতে হবে। সিজিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে;<br>খ) প্রার্থীকে বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে; এবং<br>গ) ক্রেন অপারেটরের কাজে ০১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ইলেকট্রিক বিভাগের বিশেষ যান ক্যাটেনারি মেইন্টেন্যান্স ভেহিকল (সিএমভি) চালনা সংক্রান্ত কাজ |
| | মোট= | ১২০ (একশত বিশ) | | | |

**২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১.০৫.২০২৫ ইং তারিখে বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ. নিয়োগ বিজ্ঞপ্তির ২১ নং ক্রমিকে বর্ণিত পেশ ইমাম পদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য;

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

ঘ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন পরিবর্তন/সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঙ. অর্থ সহকারী, সেমি স্কিল্ড মেশিন অপারেটর (রোলিং স্টক) ও সেমি-স্কিল্ড ড্রাইভার (সিএমভি) পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে এবং শুধু ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

চ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

ছ. অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

জ. একজন প্রার্থী কেবলমাত্র ০১(এক) টি পদের বিপরীতে আবেদন করতে পারবেন;

ঝ. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

ঞ. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ কোম্পানি কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

ট. পদের বিপরীতে উল্লেখিত/চাহিত/নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থী ভবিষ্যতে চাকরীতে প্রবেশের পূর্বের অর্জিত অতিরিক্ত যোগ্যতার জন্য কোন সুবিধাদি দাবী করতে পারিবেনা;

ঠ. নিয়োগ বিজ্ঞপ্তির ২০ ও ২১ ক্রমিকে উল্লিখিত পদ ব্যতীত অন্যান্য সকল পদে বর্ণিত শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন;

ড. যে কোনো ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে;

৩। **Online এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশনাসমূহ :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dmtcl.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪/০৫/২০২৫ সকাল ১১:০০ ঘটিকা।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৪/০৬/২০২৫ বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিণ ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১-৬ এবং ০৯-১৮ নং ক্রমিকের পদের জন্য আবেদন ফি বাবদ ২০০ টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩ (তেইশ) টাকাসহ মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা, ৭ এবং ১৯ নং ক্রমিকের পদের জন্য আবেদন ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮ (আঠারো) টাকাসহ মোট ১৬৮ (একশত আটষট্টি) টাকা এবং ৮ ও ২০-২৪ নং ক্রমিকের পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: DMTCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DMTCL ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223/168/112 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type DMTCL<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DMTCL<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DMTCL YES xxxxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DMTCL Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (www.dmtcl.gov.bd) এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: DMTCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DMTCL HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: DMTCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: DMTCL HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ www.(rthd.gov.bd) , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (www.dtca.gov.bd) এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (www.dmtcl.gov.bd) এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail / মেসেজ এর Subject- এ Organization Name: DMTCL, Post Name: *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে) ।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:

আবেদন প্রক্রিয়ার শুরু থেকে চূড়ান্তভাবে নির্বাচিত হবার পূর্ব পর্যন্ত সময়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা লিখিত পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

গ. সংশ্লিষ্ট কোটা দাবির সমর্থনে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

ঘ. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান /প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ এর সত্যায়িত অনুলিপি; এবং

চ. Online- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

১০.০৪.২০২৫

খোন্দকার এহতেশামুল কবীর
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)
ফোনঃ +৮৮০২৫৫৬৬৯০০৮